# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الاول

আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ شَهِدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ وَأَنَّ عِيسَى عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ وَابْنُ أَمَتِهِ وَكَلِمَتُهُ أَلْقَاهَا إِلَى مَرْيَمَ وَرُوحٌ مِنْهُ وَالْجَنَّةُ وَالنَّارُ حَقٌّ أَدْخَلَهُ اللَّهُ الْجَنَّةَ عَلَى مَا كَانَ من الْعَمَلِ»

বাংলা

২৭-[২৬] ’উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে লোক (অন্তরের সাথে) এ ঘোষণা দিবে, ’’আল্লাহ ছাড়া প্রকৃত কোন ইলাহ নেই, তাঁর কোন শরীক নেই, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও তাঁরই রসূল এবং মারইয়াম (আঃ)-এর ছেলেও [’ঈসা (আঃ)] আল্লাহর বান্দা ও তাঁরই রসূল, তাঁর বান্দীর সন্তান ও আল্লাহর কালিমাহ্- যা তিনি মারইয়াম (আঃ)-এর প্রতি প্রেরণ করেছিলেন এবং আল্লাহর পক্ষ থেকে প্রেরিত ’রূহ’, আর জান্নাত-জাহান্নাম সত্য- তার ’আমল যা-ই হোক না কেন আল্লাহ তা’আলা তাকে অবশ্যই জান্নাতে প্রবেশ করাবেন। (বুখারী, মুসলিম)[1]

## English

Chapter - Section 1

‘Ubada b. as-Samit reported God’s messenger as saying, “If anyone testifies that there is no god but God alone, who has no partner, that Muhammad is His servant and messenger, that Jesus is God’s servant and messenger, the son of His handmaid, His word which he cast into Mary and a spirit from Him, and that paradise and hell are real, God will cause him to enter paradise no matter what he has done.”

(Bukhari and Muslim.)

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৪৩৫, মুসলিম ২৮, আহমাদ ২২৬৭৫, সহীহ ইবনু হিব্বান ২০৭, সহীহ আল জামি‘ ৬৩২০, সহীহ আত্ তারগীব ১৫২১; এ বর্ণনাটি বুখারী মুসলিমের বর্ণনার সমষ্টি।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘ঈসা (আঃ) আল্লাহর বান্দা’’ এ কথা দ্বারা ইয়াহূদী-নাসারাদের ত্রিত্ববাদের দিকে ইঙ্গিত দেয়া হয়েছে। তাদের এ বিশ্বাস মূলত শির্ক।

‘ঈসা (আঃ) তাঁরই রসূল- এ কথা দ্বারা ইয়াহূদীদের ‘ঈসা (আঃ)-এর রিসালাত (রিসালাত) অস্বীকার করাকে এবং তাঁর মা মারইয়াম (আঃ)-এর প্রতি অপবাদ আরোপ করাকে প্রত্যাখ্যান করা হয়েছে।

‘ঈসা (আঃ)-কে আল্লাহর কালিমাহ্ এজন্য বলা হয় যে, তিনি তাঁকে ‘হও’ শব্দ দ্বারা সৃষ্টি করেছেন।

‘‘তিনি তাঁর রূহ’’ এ কথার মধ্যে এ ইঙ্গিত রয়েছে যে, ‘ঈসা (আঃ) তাঁর নৈকট্য অর্জনকারী এবং তাঁর প্রিয় ব্যক্তি। আর তিনি তাঁর সৃষ্টিও বটে।

‘‘তিনি তাকে জান্নাতে প্রবেশ করাবেন এতে তার ‘আমল যাই হোক’’ এর মর্ম হলো যে ব্যক্তি এ কথার সাক্ষ্য প্রদান করবে যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন ইলাহ নেই, সে শাস্তিযোগ্য অপরাধ করার পরও জান্নাতে প্রবেশ করবে। (বিস্তারিত ব্যাখ্যা আবূ যার (রাঃ)-এর হাদীসে উল্লেখ করা হয়েছে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54585

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন